জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোন: ০২-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২৩. ১৩৯৮

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাপবিবো এর অংশীজনদের সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের ভার্চুয়াল সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | মোহাং সেলিম উদ্দিন, চেয়ারম্যান, বাপবিবো |
| সভাপতি | : | সদস্য (প্রশাসন), বাপবিবো |
| সভার তারিখ ও সময় | : | ৩০-০৫-২০২৩ খ্রি., রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | অংশগ্রহণকারীদের স্ব স্ব অবস্থান |
| উপস্থিতি | : | ১। বাপবিবোর সকল কর্মকর্তা/কর্মচারী<br>২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারসহ পবিসের সকল কর্মকর্তা/কর্মচারী এবং ০২ জন গ্রাহক<br>৩। বাপবিবো'র তালিকাভুক্ত লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, পরিবহন ঠিকাদার, মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান, লাইন/পূর্ত নির্মাণ উপদেষ্টা প্রতিষ্ঠানের প্রতিনিধি, ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠান, বিলিং সফটওয়্যার রিটেইনার প্রতিষ্ঠান, মিডিয়া প্রতিনিধি, পরিবহন সরবরাহকারী প্রতিষ্ঠান/গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠান/ওয়ার্কশপ, মেডিকেল রিটেইনার, আউটসোর্সিং এ জনবল নিয়োগকারী প্রতিষ্ঠান |

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে ও বাপবিবো'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিচালক (জনসংযোগ) জনাব মোঃ আবুল হোসেন এর নির্দেশনাক্রমে উপ-পরিচালক (জনসংযোগ) জনাব মোঃ সাদ্দাম হোসেন সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০২। আলোচনায় অংশ নিয়ে বাপবিবো'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (জনসংযোগ) জনাব মোঃ আবুল হোসেন উল্লেখ করেন যে, বাপবিবো'র ন্যায় সেবামূলক প্রতিষ্ঠানে সুশাসন ও সেবা নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারী ও অংশীজনদের শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। তিনি আরোও বলেন, বাপবিবো'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.৩ নং অনুচ্ছেদ মোতাবেক অর্থবছরের প্রতি কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ০১ (এক)টি আলোচনা সভা আয়োজনের বাধ্যবাধকতা থাকায় আলোচ্য ভার্চুয়াল সভার আয়োজন করা হয়েছে। উল্লেখ্য যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ মোতাবেক "এ সভায় আবশ্যিকভাবে সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে"। এরূপ সভা আয়োজনের মাধ্যমে পারস্পরিক সমঝোতা বৃদ্ধি করে এবং সেবা প্রদানকারী ও গ্রহণকারীর মধ্যে মত পার্থক্য দূর করে বিধায় এটি উত্তম চর্চা হিসেবে বিবেচ্য। এছাড়াও, তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী করণীয় এবং তা যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। আলোচনায় অংশ নিয়ে বাপবিবো'র এপিএ-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) জনাব মোঃ হোসেন পাটোয়ারী দেশের উন্নয়নে জাতির পিতা ও স্বাধীনতার গুরুত্ব আরোপ করে উল্লেখ করেন যে, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের লক্ষ্যে ও মাননীয় প্রধানমন্ত্রী'র উদ্যোগে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। শুদ্ধাচার চর্চার মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নে আরো ত্বরান্বিত করার ক্ষেত্রে অংশীজনের ভূমিকা অনস্বীকার্য।

০৪। আলোচনায় অংশগ্রহনকারী ঢাকা পবিস-১ এর বাণিজ্যিক গ্রাহক জনাব কাজী মনিরুল ইসলাম বলেন, তারা পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতির সেবা গ্রহণ করে সন্তুষ্ট। তাদের যাচিত তথ্য প্রদানে পবিস এর কর্মকর্তা/কর্মচারীগণ সদয় সচেষ্ট থাকেন। কখনো কোন সমস্যার সম্মুখীন হলে পবিসে জানানো মাত্রই সমাধান পেয়ে থাকেন। তবে রাতের বেলায় লোডশেডিং এর পরিমান হ্রাসের জন্য অনুরোধ জানান।

০৫। অংশীজনদের মধ্যে লাইন নির্মাণ/পূর্ত নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষ হতে মেসার্স উন্নমন এন্টারপ্রাইজ এর প্রতিনিধি জনাব মোঃ আবুল বাশার বাপবিবো'র শুদ্ধাচার চর্চায় এরূপ সভা আয়োজন করায় বাপবিবো'র চেয়ারম্যান মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। সেই সাথে তিনি বাপবিবো ও পবিস কর্তৃক প্রদত্ত সেবার মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তবে তিনি প্রকল্পের আপগ্রেডেশন কাজে মাঠ পর্যায়ে বাঁধা নিরসনে বাপবিবো'র উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন। একইসাথে কাজের সুবিধার্থে প্রয়োজনীয় সাট-ডাউন ও মালামাল প্রদানের অনুরোধ জানান।

অ.পৃ.দ্র.

০৬। ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান এর মধ্য হতে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর পক্ষে ড. মোঃ আব্দুল কাদের ও মোঃ খালেদ হোসেন, এমডি, মেঘনা ব্যাংক লি. মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড এর পক্ষে তপন জেমস রোজারিও বাপবিবো/পবিসের সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় ব্যাপক সহযোগিতা পাওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। মোঃ খালেদ হোসেন, এমডি, মেঘনা ব্যাংক লি. জানান যে, ২৮ টি শাখার মাধ্যমে বর্তমানে তারা বিল কালেকশন কার্যক্রম পরিচালনা করছেন এবং বাপবিবো'র জন্য একটি ডেডিকেটেড টিম সার্বিক সহায়তা প্রদান করছে।

০৭। প্রকৌশল উপদেষ্টা প্রতিষ্ঠান এর পক্ষে জনাব কামরুল ইসলাম শুদ্ধাচার প্রতিষ্ঠায় বাপবিবো'র এরূপ সভা আয়োজন করায় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নিয়মিত এ ধারা অব্যহত রাখার অনুরোধ জানান। বাপবিবো'র কার্যক্রমের শুরু থেকেই তাদের সংশ্লিষ্টার কথা উল্লেখ করেন। শতভাগ বিদ্যুতায়নে সাবমেরিন ক্যাবল স্থাপনের ডিজাইনের বিষয়টি প্রকল্পে অর্ন্তভূক্ত না থাকায় তাদেরকে বিল পরিশোধ করা হয়নি মর্মে উল্লেখ করেন। বর্তমান প্রকল্পসমূহে সাবমেরিন ক্যাবল স্থাপনের বিষয়টি অর্ন্তভূক্ত থাকায় তাদের বিলটি পরিশোধের বিনীত অনুরোধ জানান।

০৮। আলোচনায় শুদ্ধাচার বিষয়ে সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পবিস-১ বলেন, বাপবিবো তথা পবিসের ন্যায় সেবামূলক প্রতিষ্ঠানে সুশাসন ও সেবা নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারী ও অংশীজনদের শুদ্ধাচার/উত্তম চর্চার গুরুত্বারোপ করেন। উত্তম গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে পবিসের কর্মকর্তা/কর্মচারীদের প্রযুক্তি ব্যবহারে পারদর্শী করার লক্ষ্যে কম্পিউটার ল্যাব স্থাপনের প্রস্তাব পেশ করেন। তিনি পবিসের অভিযোগ কেন্দ্র-কে স্মার্ট সেবা প্রদান কেন্দ্রে রূপান্তর করার মতামত প্রদান করেন।

১০। আলোচনায় নির্বাহী পরিচালক জনাব খালেদা পারভীন শুদ্ধাচার প্রতিষ্ঠায় সকলকে দেশের আইন অনুশাসন যথাযথ প্রতিপালন করার আহ্বান জানিয়ে গ্রাহক সেবায় নিজেদের আরো তৎপর হওয়ার পরামর্শ দেন।

১১। সদস্য (বিতরণ ও পরিচালন) জনাব দেবাশীষ চক্রবর্তী তাঁর বক্তব্যে বাপবিবো'র কার্যক্রমে সকল অংশীজনদের গুরুত্বপূর্ণ ভূমিকা উল্লেখ করেন। অংশীজনদের সাথে এ ধরনের সভা আয়োজনের ফলে সংস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। অংশীজনদের পক্ষ থেকেও সংস্থার প্রতি অভিযোগ হ্রাস পেয়েছে। তিনি সকলকে আইনের মধ্যে থেকে আমলাতান্ত্রিক জটিলতা পরিহারের এবং সেবা সহজীকরণের পরামর্শ দেন।

১২। প্রধান অতিথি বলেন যে, সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতিমুক্ত উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে সকলকে শুদ্ধাচার চর্চা করতে হবে। মানুষের নৈতিকতা হলো শুদ্ধাচার এর উত্তম উদাহরণ। কাজের মধ্যে নৈতিকতা বজায় রাখা ও অংশীজনদের সাথে উত্তম আচরণ করা শুদ্ধাচারের অংশ। শুদ্ধাচার বাস্তবায়ন স্বরূপ গ্রাহককে হয়রানি না করা, উত্তম গ্রাহক সেবা প্রদান করা ইত্যাদির বিষয়ে জোর তাগিদ দেন। এছাড়াও, নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জনে অধিকতর সচেষ্ট হওয়ার নির্দেশনা দেন। একইসাথে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে যাবতীয় আপগ্রেডেশন, মালামাল ক্রয়, রক্ষণাবেক্ষণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করার তাগিদ দেন। উল্লেখ্য, গ্রাহক সেবার মানোন্নয়নে বাপবিবো/পবিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিভিন্ন মোটিভেশনাল প্রোগ্রাম আয়োজন করার পরামর্শ দেন।

১৩। সভায় সভাপতি সদস্য (প্রশাসন) মহোদয় উল্লেখ করেন, শুদ্ধাচার হলো সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ সাধনের অঙ্গীকার। তিনি শুদ্ধাচার বাস্তবায়ন স্বরূপ গ্রাহককে হয়রানি না করা, উত্তম গ্রাহক সেবা প্রদান করা ইত্যাদির বিষয়ে জোর তাগিদ দেন। এছাড়াও, নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জনে অধিকতর সচেষ্ট হওয়া ও স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের আরো শুদ্ধাচারী হওয়ার আশাবাদ ব্যক্ত করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

১৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০২/২০২৩

(মোঃ হাসান মারুফ)
যুগ্মসচিব ও সদস্য (প্রশাসন)
বাপবিবো, ঢাকা

**কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক/প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি,বাপবিবো
০২। পরিচালক, মানব সম্পদ/সংগ্রহ/হিসাব/আর্থিক মনিটরিং (উ.অ./দ.অ.)/কর্মচারী প্রশাসন/সম্পত্তি ও লজিস্টিক/ সিএসএন্ডএম/এসইএন্ডডি পরিদপ্তর, বাপবিবো
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনার্জি অডিট এন্ড ট্যারিফ)-এর কার্যালয়, বাপবিবো
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো (ওয়েবসাইটে আপলোড করণের অনুরোধসহ)

**সংশ্লিষ্ট অংশীজনদের নিকট কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ**

**জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/বিভাগ প্রধান, বাপবিবো
০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো
০৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/ বিতরণ ও পরিচালন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো